

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৩(আগরতলা ৩।০৫)

আগরতলা, ৩ মে, ২০২৪

ভারতের নির্বাচন কমিশনের উদ্যোগে পিছিয়েপড়া

জনজাতিদের নির্বাচনী প্রক্রিয়ায় যুক্ত করা সফল হয়েছে

ভারতের নির্বাচন কমিশনের উদ্যোগে বিগত দুই বছরে দেশের পিছিয়েপড়া জনজাতি (PVTG) ও অন্যান্য জনজাতি সম্প্রদায়ের জনগণকে নির্বাচনী প্রক্রিয়ার সাথে ব্যাপকভাবে যুক্ত করার প্রচেষ্টা সফল হয়েছে। দেখা গেছে ২০২৪-এর সাধারণ নির্বাচনের ১ম ও ২য় ধাপে বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে বিপুল সংখ্যায় জনজাতি সম্প্রদায়ের নির্বাচকরা ভোট দিয়েছেন। দেশের গ্রেট নিকোবরের শোম্পেন সম্প্রদায়ের জনজাতিরাও এই নির্বাচনে তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন যা প্রকৃত অর্থেই এক ঐতিহাসিক ঘটনা। ভারতের নির্বাচন কমিশন থেকে গত ১ মে এক প্রেস নোটে একথা জানানো হয়েছে।

ভারতের নির্বাচন কমিশনের প্রেস নোটে আরও বলা হয়েছে বিগত দুই বছরে দেশের পিছিয়েপড়া জনজাতি (PVTG) শ্রেণীর জনজাতিদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য ভোটার তালিকা সংশোধনের সময় যে সমস্ত রাজ্যে পিছিয়ে পড়া জনজাতিদের বসবাস রয়েছে সেখানে বিশেষ প্রচার শিবিরের আয়োজন করা হয়েছে। ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনী-২০২৩'র প্রাক্কালে ২০২২-এর নভেম্বর মাসে পুনেতে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে ভারতের নির্বাচন কমিশনের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার দেশে পিছিয়েপড়া জনজাতি শ্রেণীর ভোটারদের ভোটার তালিকায় অন্তর্ভুক্তি ও ক্ষমতায়নের জন্য বিশেষ প্রচার কর্মসূচির উপর গুরুত্ব আরোপ করেন। ত্রিপুরাতে একমাত্র রিয়াং জনজাতিরাই পিছিয়েপড়া জনজাতি শ্রেণীভুক্ত এবং রাজ্যের বিভিন্ন বিধানসভা ক্ষেত্রগুলিতে তাদের উপস্থিতি উল্লেখযোগ্য। ত্রিপুরায় পিছিয়েপড়া জনজাতি শ্রেণীর রু ভোটারগণ ধলাই জেলা, উত্তর ত্রিপুরা জেলা, গোমতী জেলা ও দক্ষিণ ত্রিপুরা জেলার বিভিন্ন প্রত্যন্ত ও পাহাড়ি এলাকায় বসবাস করছেন। রাজ্যের রু বা রিয়াং জনজাতিদের একটা বড় অংশ মিজোরাম থেকে বাস্তুচ্যুত হয়ে ত্রিপুরার বিভিন্ন পুনর্বাসিত এলাকায় বসবাস করছেন।

উল্লেখ্য, ভারতের মোট জনসংখ্যার ৮.৬ শতাংশ হচ্ছে জনজাতি অংশের মানুষ। তাদের মধ্যে ৭৫টি জনজাতি সম্প্রদায় হচ্ছে পিছিয়েপড়া জনজাতি (PVTG) শ্রেণীর। নতুন নতুন জায়গাতে ভোট কেন্দ্র খোলাতে পিছিয়েপড়া জনজাতি শ্রেণীর ভোটারগণ বেশি সংখ্যায় ভোট দিতে পেরেছেন। প্রেস নোটে গত ১১টি রাজ্যের বিধানসভা নির্বাচনে ১৪টি পিছিয়েপড়া জনজাতি সম্প্রদায়ের প্রায় ৯ লক্ষ ভোটার ছিল বলে ভারতের নির্বাচন কমিশন থেকে জানানো হয়েছে।
